



Australian Government

Department of Health

COVID-19-এর সাম্প্রতিক প্রতিক্রিয়ায় ভিক্টোরিয়া একা নয়ঃ চীফ মেডিকেল অফিসার

ভিক্টোরিয়াতে COVID-19-এর প্রাদুর্ভাব এবং সামাজিক সংক্রমণের কেইসগুলোর ব্যাপারে আমরা উদ্বিগ্ন থাকছি।

জাতির অ্যাকটিং চীফ মেডিকেল অফিসার, এবং সকল স্টেট ও টেরিটোরির চীফ হেলথ অফিসারদের অংশীভূত চেয়ার অফ অস্ট্রেলিয়ান হেলথ প্রোটেকশন প্রিন্সিপাল কমিটি (AHPPC) হিসেবে, আমি দ্ব্যর্থহীনভাবে বলতে পারি যে ভিক্টোরিয়া ভাইরাস কমানোর পেছনে যেসব কার্যকলাপ গ্রহণ করেছে তা কমনওয়েলথ সমর্থন করে। ভিক্টোরিয়া যা করেছে তাতে আমরা প্রতিদিন এবং প্রবলভাবে সমর্থন পাওয়া অব্যহত রেখেছি।

ভিক্টোরিয়ার প্রতিক্রিয়া- যাতে পরীক্ষা করা, চিহ্নিত করা ও বিচ্ছিন্ন রাখার তিন দন্ডের উপায়টি জড়িত, এবং যার সাথে শারীরিক দূরত্ব ও চলাফেরার বিধিনিষেধ যুক্ত- যথাযথ সে পন্থাটিই আমরা জাতীয় পর্যায়ে গ্রহণ করে আসছি। এবং আমরা সবাই জানি যে, এটি কাজ করে। এই কারণেই, অন্যান্য দেশের তুলনায়, অস্ট্রেলিয়া এই বিশ্বব্যাপী মহামারীতে এখন পর্যন্ত লক্ষণীয়ভাবে ভালো করে আসছে। জাতীয়ভাবে, আমাদের পন্থা ছিলো শক্ত হও, শীঘ্র হও – এবং এখন ভিক্টোরিয়ার পরিস্থিতিতে তাই করা হচ্ছে।

ভিক্টোরিয়ার মতো প্রাদুর্ভাব প্রত্যাশিত ছিলো, যদিও আমরা আশা করেছিলাম তা না হবার। একজন এপিডেমিওলজিস্ট হিসেবে সারা বিশ্বজুড়ে এইচআইভি/ এইডস (HIV/AIDS), যক্ষা, ইনফ্লুয়েঞ্জাসহ সংক্রামক রোগগুলোর বিষয়ে ৩০ বছরের অভিজ্ঞতায় আমি জানি যে, আমরা একটি অত্যন্ত সংক্রামক রোগের সাথে কারবার করছি। COVID-19-এর উদ্ভবের জন্য সামান্য উৎসাহই প্রয়োজন, এবং এটি খুবই দ্রুত নিয়ন্ত্রণের বাইরে চলে যেতে পারে, তাই আমাদের প্রতিক্রিয়ায় আমাদের দ্রুতগামী ও নমনীয় হতে হবে। এবং সম্পূর্ণভাবে সতর্ক থাকতে হবে।

সময়ে সময়ে যে প্রাদুর্ভাব হবে তা আমাদের প্রতিক্রিয়া পরিকল্পনায় সবসময়েই ছিলো। সুতরাং আমরা জানি যে কী করা প্রয়োজন। আমরা জানি মেলবোর্নের কোথায় বেশীরভাগ কেইসগুলো আছে এবং সেই অনুযায়ী কোথায় আমাদের প্রচেষ্টাগুলো কেন্দ্রীভূত করতে হবে। অসাধারণভাবে বৃহত্তর একটি পরীক্ষা কার্যক্রম চলছে। এর উদ্দেশ্য হলো যত তাড়াতাড়ি সম্ভব প্রাদুর্ভাব কমিয়ে বিস্তার থামানো। তাসমানিয়ানরা সফলভাবে তাই করেছেন তাঁদের স্টেটের উত্তর পশ্চিমে (North West)। এবং এটিই ভিক্টোরিয়ান দলও এখন করছে।

নর্থ ওয়েস্ট তাসমানিয়া মডেলটি শহুরে পরিবেশে বাস্তবায়ন করায় চ্যালেঞ্জ আছে কিন্তু ভিক্টোরিয়াতে যে কার্যক্রম নেয়া হয়েছে তা যথাযথ ও আনুপাতিক। এটি বিজ্ঞান দ্বারা চালিত। বাস্তব সময়ের তথ্য ও ভালো গণ স্বাস্থ্য চর্চার উপর এর ভিত্তি, এবং এটি জীবন রক্ষা করবে ও বাঁচাবে।

অনেক ইতিবাচক দিকগুলো থেকে যেন দৃষ্টি না সরাই। এটি এখনো পর্যন্ত সন্দেহাতীত যে অস্ট্রেলিয়া- যা আমি আগেও উল্লেখ করেছি- বিশ্বব্যাপী এই মহামারীতে চমকপ্রদভাবে ভালো করেছে, এবং ভিক্টোরিয়া এই সাফল্যের অংশীদার। সমস্ত কমনওয়েলথজুড়ে চিকিৎসা বিশেষজ্ঞ ও রাজনৈতিক নেতাদের নেয়া খুবই পরিষ্কার কৌশলগত নিয়ন্ত্রণ ও ক্ষমতার সাথে যুক্ত হওয়া সমাজের সম্পৃক্ততা ও অঙ্গীকারকে ধন্যবাদ, যে আমরা সারা দেশে করোনাভাইরাসের বক্ররেখাকে



Australian Government

Department of Health

সমতল করতে সক্ষম হয়েছি। সারা বিশ্বের প্রাদুর্ভাবের আকারের তুলনায় ভিক্টোরিয়ার প্রাদুর্ভাবের আকার এখনো খুবই ছোট। কিন্তু আমাদের দরকার, এবং আমরা দ্রুত কাজ করেছি, আরো বিস্তার প্রতিরোধ করতে।

এখন যেহেতু আবার বিধিনিষেধ আরোপিত হয়েছে, আমি ভিক্টোরিয়ানদের ধৈর্যশীল হতে অনুরোধ করছি। এবং তাঁদের নিজেদের স্বার্থে, তাঁদের স্টেটের স্বার্থে, এবং তাঁদের জাতির স্বার্থে দায়িত্বপূর্ণ হতে বলছি। বিধিনিষেধগুলোর কার্যকারিতা নির্ভর করবে সমাজের সবার গণ স্বাস্থ্য উপদেশগুলো মেনে চলার উপর। আমরা আপনাদের উপর নির্ভর করছি।

এই সাম্প্রতিক প্রাদুর্ভাবটি শুধু ভিক্টোরিয়ার সমস্যা নয়। এটি একটি জাতীয় সমস্যা। এটি সকলের সমস্যা। কমনওয়েলথ ও অন্যান্য স্টেট ও টেরিটোরি থেকে সহায়তা দেয়া হচ্ছে- কয়েক শত ক্লিনিকেল ও অন্যান্য স্টাফ পরীক্ষা করতে, চিহ্নিত করতে ও গণ সম্পৃক্ততায় সাহায্য করছেন। আমি খুবই উৎসাহিত- এবং, আমি অবশ্যই বলবো, ন্যূনতম বিস্মিত নই – এই ভাইরাসকে টপকানোতে জাতির প্রতিক্রিয়ায়। গুরুত্বপূর্ণভাবে, আমরা যদিও ইতিমধ্যে বহুসাংস্কৃতিক সমাজে অনেক কাজ করে ফেলেছি, আমরা আমাদের প্রচেষ্টা আরো দ্বিগুন করছি নিশ্চিত করার জন্য যে মেলবোর্নের বহুসাংস্কৃতিক অংশ যেন সঠিক বার্তাগুলো পায়।

আমি সকল ভিক্টোরিয়ানদের জানাতে চাই যে আমি এবং আমার AHPPC-এর সহকর্মীরা- জাতির স্বাস্থ্য ও চিকিৎসা বিশেষজ্ঞরা যাঁরা অস্ট্রেলিয়ার COVID-19-এ সাড়া দেবার শুরু থেকে পথপ্রদর্শন করে আসছেন, তাঁরা প্রতি পদে আপনাদের সাথে আছেন- যেমন, আমি বিশ্বাস করি, আপনার অস্ট্রেলিয়ান সাথীরাও আছেন। আমরা এর মধ্যে একসাথে আছি এবং আমরা একসাথেই এর থেকে বেরিয়ে আসতে পারবো। এটি একটি জাতীয় প্রচেষ্টা। এটি সবসময়েই একটি জাতীয় প্রচেষ্টা ছিলো। ভাইরাসটিকে টপকে যাওয়া ভিক্টোরিয়ানদেরকে রক্ষা করবে, আমাদের সকলকে রক্ষা করবে।

প্রফেসর পল কেলি

অ্যাক্টিং চীফ মেডিকেল অফিসার